Website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার নং-০২ তারিখঃ ০৭ মাঘ, ১৪২৭ / ২১ জানুয়ারি, ২০২১

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানীর পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক ও তার নিম্নতর দুইস্তর পর্যন্ত কর্মকর্তাদের স্ব স্ব এবং পারিবারিক ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্টতার বিবরণ পর্ষদে দাখিল প্রসঙ্গে।**

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৮ ধারার উপধারা (২) এ বর্ণিত বিধানের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত বিধানে ব্যাংক-কোম্পানীর প্রত্যেক পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী ও তার নিম্নতর দুইস্তর পর্যন্ত কোন কর্মকর্তাকে স্ব স্ব বাণিজ্যিক, আর্থিক, কৃষি, শিল্প এবং অন্যান্য ব্যবসার নাম, ঠিকানা ও অন্যান্য বিবরণ এবং পারিবারিক ব্যবসায়িক স্বার্থসংশ্লিষ্টতার বিবরণ লিখিতভাবে পরিচালনা পর্ষদের নিকট বার্ষিক ভিত্তিতে প্রদান করতে হবে মর্মে বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে।

০৩। ব্যাংক কোম্পানী আইনের উক্ত বিধান পরিপালনের লক্ষ্যে প্রত্যেক ব্যাংক-কোম্পানীর পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা ও তার নিম্নতর দুইস্তর পর্যন্ত কর্মকর্তাগণকে স্ব স্ব বাণিজ্যিক, আর্থিক, কৃষি, শিল্প এবং অন্যান্য ব্যবসার নাম, ঠিকানা ও অন্যান্য বিবরণ এবং পারিবারিক ব্যবসায়িক স্বার্থসংশ্লিষ্টতার বিবরণ প্রতি পঞ্জিকা বছর শেষে পরবর্তী বছরের ২০ জানুয়ারি তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে দাখিল করতে হবে। তবে, ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত বছরের জন্য এতদ্‌সংক্রান্ত বিবরণীসমূহ ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের মধ্যে ব্যাংকে দাখিল করা যাবে। দাখিলকৃত বিবরণীসমূহ তৎপরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে এবং ব্যাংক-কোম্পানী কর্তৃক উক্ত বিবরণীসমূহ যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ নজরুল ইসলাম
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৬৮